



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
শিশু কল্যাণ ট্রাস্ট  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন  
মিরপুর, ঢাকা-১২১৬  
[www.skt.gov.bd](http://www.skt.gov.bd)



স্মারক নং- ৩৮.০১.০০০০.০২০.০১.০১৩.২৩-১৬৮


তারিখঃ ১৭ কার্তিক ১৪৩০  
০২ নভেম্বর ২০২৩

### বিজ্ঞপ্তি

শিশু কল্যাণ ট্রাস্ট এর ট্রাস্টি বোর্ডের ৭৫ তম ও ৭৬ তম সভার সিদ্ধান্তের আলোকে জানানো যাচ্ছে যে, চা বাগান, শ্রমঘন এলাকা, নৃ-গোষ্ঠী সম্প্রদায়, দুর্গম এলাকায় ও আশ্রয়ণ প্রকল্পের কাছাকাছি যেখানে সরকারি প্রাথমিক বিদ্যালয় নাই এমন স্থানে ৫০ টি শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হবে।

সংশ্লিষ্ট এলাকার আগ্রহী শিক্ষানুরাগী দানশীল ব্যক্তি/ব্যক্তিবর্গ নিম্নোক্ত শর্ত পরিপালন করে আগামী ১২/১১/২০২৩ তারিখের মধ্যে আবেদন দাখিল করতে পারবেন।

- বিদ্যালয়ের নামে শহর এলাকায় ১২ (বার) শতাংশ, পৌরএলাকা/মহানগরীতে ০৮ (আট) শতাংশ, ইউনিয়ন পর্যায়ে ৩০ (ত্রিশ) শতাংশ জমি থাকতে হবে; যা শিশু কল্যাণ ট্রাস্ট এর পক্ষে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বরাবর রেজিস্ট্রি করে দিতে হবে।
- নিজস্ব অর্থায়নে বিদ্যালয়ের জন্য ০৫ টি শ্রেণিকক্ষ ও ১ টি শিক্ষককক্ষ নির্মাণ করে দিতে হবে।
- নিজস্ব অর্থায়নে শ্রেণিকক্ষ ও শিক্ষককক্ষে প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহ করতে হবে।
- নিজস্ব অর্থায়নে টয়লেট, পয়ঃনিষ্কাশনসহ বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করতে হবে।
- প্রয়োজ্য ক্ষেত্রে শিশুদের খেলার মাঠের ব্যবস্থা থাকতে হবে।
- মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ট্রাস্টি বোর্ড সংশ্লিষ্ট বিদ্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক-কর্মচারী নিয়োগ প্রদান করবেন।

  
মোঃ আবুল বশার  
পরিচালক

ফোন নং-৫৫০৭৪৮৮৪

ই মেইল-sktmopme@gmail.com

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

০১। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।

০২। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। চেয়ারম্যান, রাজামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

০৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫। জেলা প্রশাসক (সকল)।

০৬। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৭। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

- ০৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ (৫ম তলা) সেগুনবাগিচা ঢাকা।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ১১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
- ১২। উপজেলা শিক্ষা অফিসার (সকল)।
- ১৩। প্রশাসনিক কর্মকর্তা, শিশু কল্যাণ ট্রাস্ট (ট্রাস্ট দপ্তরের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
- ১৪। কম্পিউটার অপারেটর, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করবেন)।
- ১৫। সংরক্ষণ কপি।